রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, মে ১২, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/ ৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল**' নিম্নরূপে পুনর্গঠন করেছে:

২। **কাউন্সিলের গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১) | প্রধান উপদেষ্টা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | সভাপতি |
| ২) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় | : | সহ-সভাপতি |
| ৩) | উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সহ-সভাপতি |
| ৪) | উপদেষ্টা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫) | উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬) | উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭) | উপদেষ্টা, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ৮) | উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| ৯) | উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১০) | উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ১১) | উপদেষ্টা, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১২) | উপদেষ্টা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৩) | উপদেষ্টা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৪) | উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৫) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| ১৬) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| ১৭) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৮) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ১৯) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | : | সদস্য |
| ২০) | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | : | সদস্য |
| ২১) | সচিব, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ২২) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ২৩) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |
| ২৪) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | : | সদস্য |
| ২৫) | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর | : | সদস্য |
| ২৬) | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | : | সদস্য |
| ২৭) | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা | : | সদস্য |
| ২৮) | চেয়ারম্যান, পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)<br>[পল্লী উন্নয়ন বিষয়ক গবেষক] | : | সদস্য |
| ২৯) | জনাব নুরুল আলম মাসুদ, চিফ এক্সিকিউটিভ, পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড অ্যাকশন নেটওয়ার্ক-প্রাণ, হাউজ নং-১৮৭, রোড-১০, নিউ হাউজিং স্টেট, মাইজদি নোয়াখালি<br>[এনজিও প্রতিনিধি] | : | সদস্য |
| ৩০) | জনাব মোঃ শওকত আকবর, যুগ্মসচিব (অব.), উপদেষ্টা, প্রত্যাশা এনজিও [পল্লী উন্নয়ন বিষয়ে অভিজ্ঞ বিশিষ্ট ব্যক্তি] | : | সদস্য। |

২.১। এ কাউন্সিলে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

২.২। **কাউন্সিলের কার্যপরিধি :**

১) পল্লী উন্নয়ন নীতির উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে নীতিগত দিক নির্দেশনা প্রদান;

২) নীতিতে বর্ণিত কর্মসূচির ভিত্তিতে পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে নীতিগত দিক নির্দেশনা প্রদান;

৩) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের পল্লী উন্নয়ন বিষয়ক কাজে সমন্বয় সাধনসহ জাতীয় পল্লী উন্নয়ন নীতির বাস্তবায়ন পরিবীক্ষণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

৪) পল্লী উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে জিও-এনজিও-এর কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন এবং সংশ্লিষ্ট কার্যক্রমের মধ্যে অংশীদারিত্বের উন্নয়ন সাধনসহ একাধিক সংস্থার অভিন্ন লক্ষ্য অর্জনের জন্য পরিচালিত কাজের দ্বৈততা পরিহারের মাধ্যমে মূল্যবান সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

৫) স্থানীয় পর্যায়ে পল্লী উন্নয়ন বিষয়ক কাজের সমন্বয়ের লক্ষ্যে গঠিত কমিটিগুলোর কাজের পরিবীক্ষণ, মূল্যায়ন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৬) স্থানীয় জনপ্রতিনিধি, জনগণ এবং সরকারি উন্নয়ন কর্মীদের মধ্যে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠার মাধ্যমে জনগণের উন্নত সেবা প্রাপ্তি নিশ্চিতকরণের দিক নির্দেশনা প্রদান;

৭) দেশি ও বিদেশি বিভিন্ন সংস্থা কর্তৃক পরিচালিত পল্লী উন্নয়ন বিষয়ক সমীক্ষা, গবেষণা এবং প্রায়োগিক গবেষণালব্ধ ফলাফল ও অভিজ্ঞতাকে আত্মস্থ এবং সমন্বয় করে ফলপ্রসূ কৌশল ও কর্মসূচি প্রণয়নে দিক নির্দেশনা প্রদান; এবং

৮) কাউন্সিলের কাছে বিবেচিত পল্লী উন্নয়নের যে কোনো বিষয় সম্পর্কে দিক নির্দেশনা প্রদান;

২.৩। পল্লী উন্নয়ন কার্যক্রমে অবদান রয়েছে এমন দক্ষ, অভিজ্ঞ ব্যক্তিকে জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

২.৪। কাউন্সিল বছরে অন্তত ১ (এক) বার সভায় মিলিত হবে।

২.৫। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ 'জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল' কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.৬। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৬৯ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ খালেদ রহীম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd